সত্যের আধুনিক প্রকাশ
মাকতাবাতুল ফুরকান
www.maktabatulfurqan.com



**গ্রন্থস্বত্ব © ২০১৫ মাকতাবাতুল ফুরকান**

প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত। প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত বইটির কোন অংশ স্ক্যান করে ইন্টারনেটে আপলোড করা কিংবা ফটোকপি বা অন্য কোন উপায়ে প্রিন্ট করা অবৈধ এবং আইনত দণ্ডনীয়।

নির্বাচিত বাণী সংকলন

# আত্মশুদ্ধির পাথেয়

**হযরত প্রফেসর মুহাম্মাদ হামীদুর রহমান দামাত বারাকাতুহুম**
খলীফা, হযরত মাওলানা মুহাম্মাদুল্লাহ হাফেজ্জী হুযুর রহমাতুল্লাহি আলাইহি ও
মুহিউস সুন্নাহ হযরত মাওলানা শাহ আবরারুল হক রহমাতুল্লাহি আলাইহি

◆

সংকলন
**মুহাম্মাদ হেমায়েত হোসেন**

◆

সম্পাদনা
**মাওলানা মুহাম্মাদ রিজওয়ানুর রহমান**
শিক্ষক, জামিয়া রাহমানিয়া আরাবিয়া, ঢাকা

প্রথম বাণী সংকলন | মাকতাবাতুল ফুরকান



**আত্মশুদ্ধির পাথেয়**
হযরত প্রফেসর মুহাম্মাদ হামীদুর রহমান
সংকলন | মুহাম্মাদ হেমায়েত হোসেন
সম্পাদনা | মাওলানা মুহাম্মাদ রিজওয়ানুর রহমান

■ **প্রকাশক ঃ**
**মাকতাবাতুল ফুরকান**
বাড়ি ■ ১৮, রোড ■ ৭/বি, সেক্টর ■ ৩, উত্তরা, ঢাকা-১২৩০
ফোন ঃ +৮৮০১৭৩৩২১১৪৯৯, +৮৮০১৯৭১৩৩৬৬৩৩
ইমেইল ঃ adamalibd@yahoo.com
ওয়েবসাইট ঃ **www.maktabatulfurqan.com**

■ **দ্বিতীয় প্রকাশ ঃ** শাওয়াল ১৪৩৬ হিজরী / জুলাই ২০১৫ ঈসায়ী
■ **প্রথম প্রকাশ ঃ** শাবান ১৪৩৫ হিজরী / জুন ২০১৪ ঈসায়ী
■ প্রচ্ছদ ঃ সিলভার লাইট ডিজাইন স্টুডিও, ঢাকা
■ মুদ্রণ ঃ দ্যা ব্ল্যাক, ঢাকা. ০১৭৩০ ৭০৬ ৭৩৫

■ **মূল্য ঃ দুই শত চল্লিশ টাকা মাত্র**

**ATTOSHUDDIR PATHEO**
By Hazrat Professor Muhammad Hamidur Rahman
Compiled by Muhammad Hemayet Hossain
**Price:** BDT 240.00 | USD 20.00

ISBN: 978-984-91175-1-3 52000>
9 789849 117513

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

# প্রকাশকের কথা

اَلْحَمْدُ لِلّٰهِ وَكَفٰى وَسَلَامٌ عَلٰى عِبَادِهِ الَّذِيْنَ اصْطَفٰى

হযরত মাওলানা মুহাম্মাদুল্লাহ হাফেজ্জী হুযুর রহমাতল্লাহি আলাইহি ও মুহিউস সুন্নাহ হযরত মাওলানা শাহ আবরারুল হক রহমাতুল্লাহি আলাইহির বিশিষ্ট খলীফা হযরত প্রফেসর মুহাম্মাদ হামীদুর রহমান সাহেব দামাত বারাকাতুহুম বাংলাদেশের অন্যতম দ্বীনী ও ইলমী ব্যক্তিত্ব।

ঈমান ও আমল, ইসলাম ও লিলণ্ঢাহিয়্যাত, বিনয় ও নম্রতা, যুহ্দ ও তাকওয়া ইত্যাদি আত্মিক গুনাবলী তাকে উলামা-মাশায়েখদের প্রিয় ও সম্মানিত ব্যক্তি রূপে প্রতিষ্ঠিত করেছে। প্রফেসর হযরতের আজকের এই পর্যায়ে উন্নীত হওয়ার ক্ষেত্রে যে বিষয়টি সবচেয়ে বেশি কাজ করেছে তা হল, আলণ্ঢাহওয়ালা বুযুর্গদের সোহবত এবং উলামায়ে কেরামের প্রতি তার অগাধ শ্রদ্ধা এবং ভক্তি (যা ইংরেজী শিক্ষিত দ্বীনদার শ্রেণীর মধ্যে বিরল)। তার দুনিয়া বিমুখতা, দ্বীন ও দ্বীনী ইলমের প্রচার ও প্রসারের জন্য পাগল পারা মেহনত, সকল কুসংস্কার ও প্রচলিত ধ্যান-ধারণাকে বর্জন করে শরীয়ত ও সুন্নাতের  উপর সার্বক্ষণিক আমল ইংরেজি শিক্ষিত দ্বীনদ্বারের জন্য এক উত্তম আদর্শ। তার ইখলাস পূর্ণ সংক্ষিপ্ত বয়ানে যে অনুভূতি শ্রোতাদের অন্ড়করণে ব্যাপৃত হয়, দীর্ঘ সময়ের অনেক আকর্ষণীয় জ্বালাময়ী বক্তৃতায়ও তা হয় না।

আমাদের বর্তমান আয়োজন প্রফেসর হযরতের নির্বাচিত বাণী সংকলন ‘আত্মশুদ্ধির পাথেয়’। দ্বীনী মজলিস ছাড়াও বিভিন্ন ঘরোয়া আলোচনা, সামাজিক অনুষ্ঠান (যেমন বিবাহ-সাদী, আদর-আপ্যায়ন ইত্যাদি) ও ব্যক্তিগত পরামর্শে হযরত যেসব কথা বলেন, সেগুলো বর্তমান জমানার উম্মতের জন্য ইসলামের পথে আগে বাড়ার ক্ষেত্রে সবচেয়ে উপযোগী এবং



ফলপ্রসু দিকনির্দেশনামূলক বাণী। এ বাণীগুলো মুসলিম মিল্লাতের কাছে পৌঁছে দেয়ার এক অদম্য আগ্রহ লালন করে দীর্ঘদিন ধরে জমা করে আসছিলেন হযরতেই এক স্নেহাস্পদ জনাব মুহাম্মাদ হেমায়েত হোসেন। ব্যক্তিগতভাবে তিনি এক ব্যবসায়িক প্রতিষ্ঠানের উর্দ্ধতন কর্মকর্তা। তারই ঐকান্ড়িক প্রচেষ্টা ও একাগ্রতার কারণে এই সংকলন প্রকাশ করা সম্ভব হয়েছে। আল্লাহ তা’আলা তাকে জাযায়ে খায়ের দেন। আল্লাহ তা’আলা প্রফেসর হযরতকেও পরিপূর্ণভাবে এর বদলা দিন। আমাদেরকে হেদায়েতের পথে পরিচালিত করুন।

এছাড়া অন্যান্য অনেকেই আমাদেরকে এই সংকলন প্রকাশের ক্ষেত্রে সহযোগিতা করেছেন। আল্লাহ পাক সংশ্লিষ্ট সবাইকে উত্তম বিনিময় দান করুন। আমরা বইটিকে ক্রটিমুক্ত ও সর্বাঙ্গীন সুন্দর করার সার্বিক প্রচেষ্টা চালিয়েছি। তারপরও ভুল-ভ্রান্তি থেকে যাওয়া বিচিত্র নয়। সুহৃদয় পাঠকের দৃষ্টিতে কোন অসঙ্গতি ধরা পড়লে আমাদের অবগত করা হলে পরবর্তী সংস্করণে তা সংশোধনের চেষ্টা করব ইনশাআলণ্ঢাহ।

আলণ্ঢাহপাক এই বইটির পাঠক, সংকলক, সম্পাদক, প্রকাশক ও সংশ্লিষ্ট সবাইকে তার  পথে অগ্রসর  হওয়ার তাওফীক দান করুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

বিনীত

মুহাম্মাদ আদম আলী
**মাকতাবাতুল ফুরকান**
৫৬/৩ মানিক নগর, ঢাকা

২৪ রমযান ১৪৩৬ হিজরী
০১ জুলাই ২০১৫ ঈসায়ী

# সংকলকের কথা

সকল প্রশংসা আল্লাহ তা'আলার, কলম যার পবিত্রতা বর্ণনায় অক্ষম। অন্ড়হীন দরূদ ও সালাম প্রিয় হাবীব (ﷺ)-এর উপর যিনি সৃষ্টির প্রিয়তম, পুরো মানবজাতির জন্য হেদায়েতের আলোকবির্তকা।

সিলসিলায়ে সাইয়্যেদ আহমদ শহীদের নিভৃতচারী বুযুর্গ হযরত মকবুল হোসেন রহমাতল্লাহি আলাইহির নূরে নযর প্রথমে তার উপর পড়ল। তারপর আওলাদে রাসূল সাইয়্যেদ মোস্ড়্ফা মাদানী রহমাতল্লাহি আলাইহি, তারপর হযরত মাওলানা আবদুলণ্ঢাহ রহমাতল্লাহি আলাইহি, তারপর কুতুবুল আলম হযরত মাওলানা মুহাম্মাদুল্লাহ হাফেজী হুযুর রহমাতল্লাহি আলাইহি এবং মুহিউস সুন্নাহ হযরত মাওলানা শাহ সাইয়্যেদ আবরারুল হক রহমাতল্লাহি আলাইহি - এসব মহান বুযুর্গদের ফয়েজের নূরের স্রোত প্রস্রবন হয়ে হয়ে পণ্ঢাবিত করেছে হযরত প্রফেসর মুহাম্মাদ হামীদুর রহমান সাহেব দামাত বারাকাতুহুমকে।

তিনি চিশতিয়া, কাদরিয়া, নকশবন্দিয়া, সোহরাওয়ার্দিয়া - চার তরীকার বরকত দ্বারা সিক্ত। কুরআন মন্থন করে প্রেমের বাণী শোনান। বেভুল মানবাত্মাকে পরমাত্মার পথে ডাকেন। এই পথিক দাঁড়াও, সম্পদের পিছনে আর কত! দাঁড়াও, স্থির হও। অন্ড়্রের ডাক শোন।

কাট ছাট করতে করতে আমাদের ইসলাম হয়েছে পালক কাটা কবুতর। রবের মারেফতের নীলিমায় কি করে সে উড়াল দিবে। তিনি বলেন, গোনাহ ছাড়। সুন্নাতের পথে চল। সুন্নাত হল সবচেয়ে পরিপূর্ন, সবচেয়ে সৌন্দর্যময়, সবচেয়ে রাজকীয় পথ। কুরআনের পথে এস। মদীনার নূরানী কাফেলায় এস।



তিনি গভীর কথা খুব সহজ করে বলেন। এলমে লাদুন্নী তার ছিনায়। তার কথা শুনে উলামায়ে রব্বানীগণ বিস্ময়ে পুলকিত যান। তিনি যেন এক পরশ পাথর। তার ছোয়ায় জংধরা লোহা আস্তে আস্তে খাঁটি সোনা হয়ে যায়। তার কিছু কিছু কথা মনে লালন করছি দীর্ঘদিন। আমি পাঠকের খেদমতে তা পেশ করলাম।

কুরআন হাদীসের সমুদ্র মন্থন করে তার টুকরা টুকরা কথা। আলণ্ঢাহর অলীদের সহজ সরল কথা ভেতরে থাকে হাকীকত, মারেফতের প্রস্রবন। কলম শব্দেকে প্রথিত করে। হাকীকত প্রচ্ছন্ন রয়ে যায়। হযরতের কথা দিগন্ড়্ময় সৌন্দর্যের উপত্যকা। শব্দের তুলিতে আমি কি করে আঁকবো। হে আলণ্ঢাহ! সব ভুল ক্ষমা করে দাও। এখালাছ দাও। তুমি রাজী হও। আমি তো তোমার বন্ধুর কথা নকল করার চেষ্টা করেছি। তুমি কবুল না করলে বৃথা এ পণ্ডশ্রম।

দীর্ঘ পথ পেরিয়ে এ কিতাব এখন পাঠকের হাতে। পুরো কিতাবটি মাওলানা মুহাম্মাদ রিজওয়ানুর রহমান সাহেব দামাত বারাকাতুহুম অনুগ্রহ করে সম্পাদনা করে দিয়েছেন। এছাড়া হযরত মাওলানা জালালুদ্দীন সাহেব দামাত বারাকাতুহুম, জনাব মুহাম্মাদ আদম আলী, জনাব তৈয়বুর রহমানসহ আরো অনেকে এ কিতাবের প্রুফ সংশোধনে সহযোগিতা করেছেন। সবার শুকরিয়া আদায় করছি। হে আল্লাহ! জাজায়ে খাইর দিন সবাইকে। আমীন।

২০ সেপ্টেম্বর ২০১৪

মুহাম্মাদ হেমায়েত হোসেন
বাড়ি ক্ষ ২৬/ই, রোড ক্ষ ২০, সেক্টর ক্ষ ৩
উত্তরা, ঢাকা-১২৩০

## উ|ৎ|স|র্গ

আমার মরহুম বাবা,
হাফেজ মাওলানা নূর হোসেন সাহেব রহমাতল্লাহি আলাইহি,
যার ছায়ায় আমার দ্বীনি অনুভূতি বেড়ে উঠেছে।
হে আল্লাহ! আপনি তাকে জান্নাতুল ফিরদাউসে উঁচু মাকাম নসীব করুন। ক্ষ
**সংকলক**



## মাকতাবাতুল ফুরকান থেকে প্রকাশিত অনবদ্য গ্রন্থাবলী

- প্রফেসর হযরতের বয়ান সংকলন-১
  **বিজ্ঞান ও কুরআন**
- প্রফেসর হযরতের বয়ান সংকলন-২
  **ইসলাম ও সামাজিকতা**
- প্রফেসর হযরতের বয়ান সংকলন-৩
  **ইসলামে আধুনিকতা**
- প্রফেসর হযরতের বয়ান সংকলন-৪
  **তাবলীগ ও তা’লীম**
- প্রফেসর হযরতের বয়ান সংকলন-৫
  **পাশ্চাত্যের শিক্ষায় দ্বীনি অনুভূতি**
- **প্রফেসর হযরতের সাথে আমেরিকা সফর**
  মুহাম্মাদ আদম আলী
- **প্রফেসর হযরতের সাথে নিউজিল্যান্ড সফর**
  মুহাম্মাদ আদম আলী
- প্রফেসর হযরতের সাথে দেশ-বিদেশে সফরের গল্প
  **পথের দিশা (প্রথম ও দ্বিতীয় খণ্ড)**
  মুহাম্মাদ আদম আলী
- প্রফেসর হযরতের ইংরেজি বয়ান সংকলন
  **অহ অড়ঢ়বধষ ঃড় ঈড়সসড়হ ঋবহংব**
- **খাদিজা : প্রথম মুসলমান এবং শেষ নবী মুহাম্মাদ (ﷺ)-এর বিবি**
  মূল ।রশীদ হাইলামায; অনুবাদ ।মুহাম্মাদ আদম আলী
- রমযান মাস ঃ গুরুত্ব ও করণীয় ।মাওলানা যুলফিকার আহমাদ নকশবন্দি
  অনুবাদ ।মুহাম্মাদ জিল্লুর রহমান

কোন একদিন অচেনা পথে পথহারা পথিক থমকে দাঁড়াবে,
মসজিদ কিংবা কোন ঘরে, শুনবে তোমার বাণী।
মনে হবে, আমি তারে চিনি!
বড় বেশি ভালবেসেছিলেন যারে, তার কাছে তিনি গেছেন ফিরে
আমার আর কত দিন বাকী!



নির্বাচিত বাণী সংকলন

# আত্মশুদ্ধির পাথেয়

■ ১। হযরতকে প্রশ্ন করা হল, 'আমাদের সিলসিলাতে সবক কি?' উত্তরে হযরত বললেন, 'সবকের কোনো পদ্ধতি নেই। হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহমাতুল্লাহি আলাইহি তাসাউফ ও তরীকতকে সহজ করে দিয়েছেন। তার কথা হল, আমাদেরকে সাহাবায়ে কেরামের অনুসরণ করতে হবে। তারা যেসব আমল করতেন, আমাদেরকে তার অনুসরণ করতে হবে। সূরা ফাতেহা সহীহ নেই, লক্ষবার লা ইলাহা ইল্লাল্লাহ যিকির করে কতটুকু এগোনো যাবে? হরদুঈ হযরত মাওলানা আবরারুল হক সাহেব রহমাতুল্লাহি আলাইহি বলতেন, কুরআন সহীহ কর। উপরে উঠতে 'আল্লাহু আকবার', নীচে নামতে 'সুবহানাল্লাহ', জমিনে চলতে 'লা ইলাহা ইল্লাল্লাহ' পড়। গোনাহ থেকে বাঁচো। অন্তরের দশটি দোষ দূর কর। দশটি গুণ তৈরি কর। এটাই তাসাউফ।'



■ ২। হযরত বলেন, একবার টিএন্ডটির একজন অফিসার হযরত মাওলানা মুহাম্মাদুল্লাহ হাফেজ্জী হুযুর রহমাতুল্লাহি আলাইহিকে তার বাসায় দাওয়াত দিলেন। সেখানে মাত্র তিনজন শ্রোতার সামনে হযরত এমনভাবে বয়ান করলেন, যেন হাজার লোকের মাহফিলে বয়ান করছেন। আল্লাহওয়ালাদের নজর থাকে আল্লাহর সন্তুষ্টির দিকে, শ্রোতার সংখ্যার দিকে নয়।

■ ৩। হযরত বলেন, এক বৈঠকে হাফেজ্জী হুযুর রহমাতুল্লাহি আলাইহি হাফেয মাওলানা জাহেদ রহমাতল্লাহি আলাইহি এবং অন্য একজনকে বাইআত করে নিলেন। তারা বললেন, 'আমরা মাদরাসার উস্তাদ। ছাত্রদের পড়ানো নিয়ে অত্যন্ত ব্যস্ত থাকতে হয়। কি করে সবক আদায় করব?' হাফেজ্জী হুযুর রহমাতুল্লাহি আলাইহি বললেন, 'ছাত্রদের ঠিকমত নেগরানী করে পড়াবেন। এটাই আপনাদের সবক।'

■ ৪। নিজের বাইআত হওয়া প্রসঙ্গে হযরত বলেন, 'একজন বড় আলেমের উসিলায় হাফেজ্জী হুযুর রহমাতুল্লাহি আলাইহির কাছে আমার যাওয়ার সৌভাগ্য হয়েছিল। তিনি মাওলানা আলতাফ হুসাইন গাহেব রহমাতুল্লাহি আলাইহি। আমি একদিন কথায় কথায় তাকে বলছিলাম যে, আমার আব্বা ও দাদা জৈনপুর হযরতের মুরীদ ছিলেন। হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহমাতুল্লাহি আলাইহির কিতাব পড়তে আমার ভাল লাগে। তিনি আমার হাতটা ধরে বললেন, 'এক্ষণ চলেন।' আমাকে লালবাগ নিয়ে গেলেন। হাফেজ্জী হুযুর রহমাতুল্লাহি আলাইহির কাছে বাইআত করে দিলেন।'

■ ৫। হযরত বলেন, হাফেজ্জী হুযুর রহমাতল্লাহি আলাইহি মিষ্টি করে বলতেন, 'আমরা আপনাদের জন্য আখেরাতের পোষ্ট অফিস খুলেছি।' অর্থাৎ মসজিদ-মাদরাসা। এই পোষ্ট অফিসে যা জমা করবেন, আখেরাতে তাই পাবেন।'